ব্যর্থাপি দুঃখনিবহং বহতী ক্রিয়ার্থা॥ ইতি॥ কার্পণ্যং পরমকারুণিকো ন ভবৎপরঃ পরমশোচ্যতমো ন চ মৎপরঃ ইত্যাদিপ্রকারম্। গোপ্তৃত্বে বরণঞ্চ যথা নারসিংহে— ত্বাং প্রপন্নোঽস্মি শরণং দেবদেবং জনার্দ্দনম্। ইতি যঃ শরণং প্রাপ্তস্তং ক্লেশাদুদ্ধরাম্যহম্॥ ইতি প্রকারম্। তদপি ত্রিপ্রকারম্ কায়িকত্বাদিভেদেন। যথোক্তং ব্রহ্মপুরাণে—কর্ম্মণা মনসা বাচা যেঽচ্যুতং শরণং গতাঃ। ন সমর্থো যমস্তেষাং তে মুক্তিফলভাগিনঃ॥ ইতি॥ ব্যাখ্যাতং শ্রীহরিভক্তিবিলাসে—তবাস্মীতি বদন্ বাচা তথৈব মনসা বিদন্। তৎস্থানম শ্রিতস্তন্বা মোদতে শরণাগতঃ॥ ইতি॥ তদেবং যস্য সর্ব্বাঙ্গসম্পন্না শরণাপত্তিস্তস্য ঝটিত্যেব সম্পূর্ণকলা। অন্যেষান্তু যথাসম্পত্তি যথাক্রমঞ্চেতি জ্ঞেয়ম্। তামেতাং শরণাপত্তিং শ্লাঘতে—তাপত্রয়েণাভিহতস্য ঘোরে সন্তপ্যমানস্য ভবাধ্বনীশ। পশ্যামি নান্যং— শরণং তবাঙ্‌ঘ্রিদ্বন্দাতপত্রাদমৃতৌঘবর্ষাৎ ॥ ২৩৬ ॥ শরণাগতানাং সর্ব্বদুঃখদূরীকরণং— নিজমাধুরীণাং সর্ব্বতো বর্ষঞ্চাত্রাভিহিতম্॥ ১১ ॥ ১৯ ॥ উদ্ধবঃ শ্রীভগবন্তম্॥

অকিঞ্চনা ও আত্যন্তিকী প্রভৃতি নামে কথিতা যে ভক্তিকে পূর্ব্ববিচার পদ্ধতি অনুসারে বহুপ্রকারে সিদ্ধান্ত করা হইল, সেই ভক্তি বৈধী ও রাগানুগাভেদে দুই প্রকার। তন্মধ্যে রুচিবিহীন কেবলমাত্র শাস্ত্রকথিত বিধি অনুসারে যাহা অনুষ্ঠিত হয়, তাহার নাম বৈধী ভক্তি। সেই শাস্ত্র-কথিত বিধিও দুই প্রকার। প্রথম বিধি ভজন করিবার প্রবৃত্তির হেতু, দ্বিতীয় বিধি ভজন অনুষ্ঠানের অনুক্রমে কর্ত্তব্য ও অকর্ত্তব্যের বোধ হেতু অর্থাৎ শাস্ত্রবিধি অনুসারে ভজন করিবার প্রবৃত্তির উদ্গম্ হইলে, সেই অনুষ্ঠেয় ভজনাঙ্গের মধ্যে কোন্‌টি পরে অনুষ্ঠান করিতে হইবে এবং তাহার প্রকারই বা কি ইত্যাদি বোধ হেতু বিধিটি দ্বিতীয় প্রকার। তন্মধ্যে প্রথম প্রবৃত্তিহেতু বিধি ১।২।১৪ শ্লোকে শ্রীশুকমুনি শৌনকাদি ঋষিদিগকে বলিয়াছেন —হে শৌনক! ধর্ম্মানুষ্ঠানের মুখ্যফল শ্রীহরিসন্তোষ। শ্রীহরিসন্তোষ বিনা সকল সাধনানুষ্ঠানই বিফল। অতএব পরম্পরারূপে শ্রীহরিসন্তোষের পথ অবলম্বন না করিয়া যে ভক্তিযোগে শ্রীহরি সাক্ষাৎরূপে সন্তোষ লাভ করেন, সেই ভক্তিযোগই অবলম্বন করা একান্ত কর্ত্তব্য। সেই ভক্তিযোগের প্রকার ইহাই, একমাত্র শ্রীভগবন্নিষ্ঠ সঙ্কল্পে ভক্তজনবল্লভ শ্রীভগবানের কথা নিত্য শ্রবণ করা, কীর্ত্তন করা এবং তাহাকে ধ্যান করা ও পূজা করা অবশ্য-কর্ত্তব্য—ইত্যাদি শ্লোকের দ্বারা অবশ্যকর্ত্তব্যবিধি উল্লেখ করা হইয়াছে। দ্বিতীয় ভজনের ক্রমপরিপাটি বোধের হেতুরূপবিষয়টি অর্চ্চন এবং ব্রতাদি ভজনাঙ্গপর। তাহাই ১১।২৭ শ্লোকে শ্রীভগবান্ শ্রীউদ্ধব মহাশয়কে বলিয়াছেন—

"মামেব নৈরপেক্ষ্যেণ ভক্তিযোগেন বিন্দতি।
ভক্তিযোগং স লভতে এবং যঃ পূজয়েত মাম্॥২৩৫॥